

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
ক্যান্টনমেন্ট বোর্ড, রংপুর ক্যান্টনমেন্ট।
www.rcb.gov.bd

১৩ কার্তিক, ১৪৩০ ব.

নং-২৩.২২.৭০০৮.০০১.৯৮.১৯৪.১৯. ৩২২২.

তারিখ :-----

২৯ অক্টোবর, ২০২৩ খ্রি.

বিষয় : চাকরি হতে অবসর, অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) এবং পাওনা অর্জিত ছুটির পরিবর্তে নগদায়ন মঞ্জুর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তর পরিচালিত বীর উত্তম শহীদ সামাদ স্কুল এন্ড কলেজ, রংপুর সেনানিবাসের অধ্যক্ষ জনাব মোহাম্মদ আব্দুল হামিদ এর জন্ম তারিখ ১০/১১/১৯৬৪ খ্রি. অনুযায়ী ০৯/১১/২০২৩ খ্রি. তারিখে বয়স ৫৯ (উনষাট) বৎসর পূর্ণ হবে বিধায় তিনি অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) ও অর্জিত ছুটির পরিবর্তে নগদায়ন মঞ্জুরের জন্য মহোদয় বরাবর আবেদন করেছেন।

২.০ জনাব মোহাম্মদ আব্দুল হামিদ, অধ্যক্ষ, বীর উত্তম শহীদ সামাদ স্কুল এন্ড কলেজ, রংপুর সেনানিবাস এর অনুকূলে ১০/১১/২০২৩ খ্রি. তারিখ হতে ০৯/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত (উভয় দিনসহ) মোট ০১ বছর গড় বেতনে অবসর-উত্তর ছুটি মঞ্জুরের জন্য সুপারিশ করা হলো।

৩.০ উক্ত শিক্ষকের চাকরি বহিতে প্রদর্শিত ছুটির হিসাব অনুযায়ী গড় বেতনে ০৪ মাস ১৪ দিন এবং অর্ধ গড় বেতনে ০১ বছর ০৮ মাস ২১ দিনের অর্জিত ছুটি পাওনা আছে। ০১ বছর ০৮ মাস ২১ দিনের অর্ধগড় বেতনে অর্জিত ছুটিকে গড় বেতনে রূপান্তর করে হয়= ১০ মাস ১১ দিন। পূর্ণগড় বেতনে মোট পাওনা অর্জিত ছুটি (০৪ মাস ১৪ দিন + ১০ মাস ১১ দিন)= ০১ বছর ০২ মাস ২৫ দিন। ০১ বছর অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুরের পর অবশিষ্ট ০২ মাস ২৫ দিনের গড় বেতনে অর্জিত ছুটির পরিবর্তে মাসিক মূল বেতন ৬৯,৮৫০.০০ টাকা হিসেবে (৬৯৮৫০.০০ × ০২ মাস ২৫ দিন)= ১,৯৭,৯০৮.০০ (একলক্ষ সাতানব্বই হাজার নয়শত আট) টাকা নগদায়ন সুবিধা প্রদানের জন্য সুপারিশ করা হলো।

এপ্রেক্ষিতে তার চাকরি বহি যথানিয়মে লিপিবদ্ধ করে অবসর উত্তর ছুটি (পি.আর.এল) ও অর্জিত ছুটির পরিবর্তে নগদায়ন মঞ্জুরের জন্য আবেদনপত্র এতদসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে-	১। আবেদনপত্র	-০১ পাতা।
	২। নিয়োগ পত্র	-০১ পাতা।
	৩। শিক্ষাগত যোগ্যতার সনদপত্র	-০১ পাতা।
	৪। পেনশন অপশন অনুমোদনপত্র	-০২ পাতা।
	৫। চাকরি বহি-০১ টি	-০৩ খন্ড।


(ইসরাত সাদিয়া সুমী)

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
রংপুর সেনানিবাস।

ফোন : ০৫২১-৬২৩০৪

ই-মেইল : ceo_rangpur@yahoo.com

মহাপরিচালক
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা।

অনুলিপি : অবগতির জন্য

- ১। অধ্যক্ষ, বীর উত্তম শহীদ সামাদ স্কুল এন্ড কলেজ, রংপুর সেনানিবাস।
- ২। মোহাম্মদ আব্দুল হামিদ, অধ্যক্ষ, বীর উত্তম শহীদ সামাদ স্কুল এন্ড কলেজ, রংপুর সেনানিবাস।
- ৩। সহকারী সচিব (গ্রোড-২), অত্র দপ্তর।
- ৪। হিসাব রক্ষক, অত্র দপ্তর।
- ৫। উচ্চমান সহকারী, অত্র দপ্তর।
- ৬। সংশ্লিষ্ট নথি।